

💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

কারো জানাযার সলাত ছুটে গেলে কবরের উপর পড়তে পারে

রসূল (ﷺ) এর কোন জানাযা সলাত ছুটে গেলে কবরের উপর সলাত পড়তেন। তিনি একবার এক রাত পরে একটি কবরের উপর জানাযা সলাত পড়েছেন। আরেকবার তিন রাত পর একটি কবরের উপর জানাযা সলাত পড়েছেন। আরেকবার একমাস পর। এ ব্যাপারে তিনি কোন সময় সীমা নির্ধারণ করে দেন নি।[1] ইমাম মালেক (রহঃ) শুধু অলী তথা শাসকের জন্য কবরের উপর জানাযা সলাত পড়া জায়েয বলেছেন। বিশেষ করে যখন তিনি জানাযায় উপস্থিত না থাকেন।

ফুটনোট

[1].তাই এ ব্যাপারে আলেমদের একটি সুন্দর সিদ্বামত্ম হচ্ছে কোন মানুষের আপন কিংবা বিশেষ ব্যক্তির জানাযায় উপস্থিত না হতে পারলে কবরে তা পড়া যাবে। আল্লাহই ভাল জানেন। উহুদের শহীদদের জানাযা নাবী সাঃ) আট বছর পর আদায় করেছেন। (বুখারী, হা/৪০৪২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3785

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন